

কেন্দ্র পরিবর্তনের প্রতিবাদে লোহাগড়ায় হরতাল পুলিশ-শিক্ষার্থী ধাওয়া-পাল্টা ধাওয়া ভাঙচুর, আটক ৩

নড়াইল প্রতিনিধি

উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করে কোলাহলপূর্ণ এলাকায় নতুন কেন্দ্র স্থাপনের আয়োজনের প্রতিবাদে নড়াইলের লোহাগড়ায় মঙ্গলবার আধাবেলা হরতাল পালিত হয়েছে।

সকালে হরতালের সমর্থনে লোহাগড়া সরকারি আদর্শ কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি কলেজ কাপ্পান থেকে বের হয়ে নড়াইল-ঢাকা সড়কে এসে কয়েকটি গাড়ি ভাঙচুর করা হয়। এ সময় পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এ ঘটনার মধ্যে জড়িত অভিযোগে পুলিশ তিন শিক্ষার্থীকে আটক করেছে।

এদিকে গাড়ি ভাঙচুরের প্রতিবাদ ও ঘটনার সঙ্গে জড়িতদের বিচারের দাবিতে মোটর শ্রমিকরা নড়াইল-ঢাকা সড়কে প্রায় দুই ঘণ্টা যান চলাচল বন্ধ রাখাে।

জানা গেছে, লোহাগড়া সরকারি আদর্শ কলেজের পরীক্ষার্থীরা দীর্ঘদিন

ধরে লোহাগড়া পাইলট হাই স্কুল ভেদে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়ে আসছিল। আগামীকাল থেকে শুরু হতে যাওয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য নড়াইল-ঢাকা সড়কের লক্ষীপাশা বানষ্ট্যাড ও লক্ষীপাশা গৌরাত্যসংগত লক্ষীপাশা আদর্শ মহিলা কলেজে কেন্দ্র স্থাপন করে তাদের সেখানে পরীক্ষা দেওয়ার আয়োজন করেছে কর্তৃপক্ষ। পরীক্ষার্থীদের অভিযোগ, নতুন এই কেন্দ্রসংগত এলাকায় সব সময় কোলাহলপূর্ণ পরিবেশ থাকায় সেখানে তাদের পরীক্ষা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে বলেই তাদের এ কর্মসূচি।

এদিকে কেন্দ্র ফিরিয়ে আনার দাবিতে শিক্ষার্থীরা গত ৩০ মার্চ নড়াইল-ঢাকা সড়ক দুই ঘণ্টা অবরোধ করেছিল। পরে প্রশাসনের আশ্বাসের পরিপ্রেক্ষিতে অবরোধ তুলে নিলেও কোনো পদক্ষেপ না নেওয়ায় মঙ্গলবার সকাল থেকে লোহাগড়ায় আধাবেলা হরতালের ডাক দেয় শিক্ষার্থীরা।